

K'v̄tgi v̄ t̄dvb GLb tek Rbw̄c̄t̄ | `v̄tgi
m̄-v̄ | t̄gvevBj K'v̄tgi v̄q̄ Owe Z̄t̄j t̄÷vi
K̄t̄i i v̄Lp̄ K̄w̄úDUv̄t̄i | K̄w̄úDUv̄t̄i i
t̄Kv̄t̄bv̄ Mvb̄t̄K̄ Kb̄fv̄ŪK̄i "b̄ t̄gvevBj
wi s̄t̄Uv̄t̄b̄ | GmeB̄ m̄p̄t̄ hw̄ `v̄t̄K̄ GK̄w̄U
t̄WUv̄ t̄Kej Ges W̄B̄Fvi mdŪl q̄'vi | w̄c̄im
U t̄gvevBj W̄w̄Uv̄ ŪȲdvi w̄b̄t̄q̄ wē-w̄wi Z̄
... লিখেছেন মেহেদী হাসান সুমন



পিসি টু মোবাইল ডাটা ট্রান্সফার খুঁটিনাটি

মোবাইল শুধু কথা বলার যন্ত্রই নয়, বরং ফ্যাশন অনুষ্ণও বটে। অনেকের কাছে আবার মোবাইল হল ব্যক্তিত্ব ও রুচি-প্রকাশক। সে কারণেই মোবাইলের রিংটোন বা স্ক্রিনসেভার নিয়ে দিন রাত চলছে নানা গবেষণা।

পথ চলতে রাস্তায় কিংবা অফিস বা বাসের প্রচন্ড ভিড় সবখানেই বেজে ওঠে নানা ধরনের রিংটোন। এরমধ্যে কিছু কিছু রিংটোন আমাদের হৃদয় ছুঁয়ে গেলেও বেশির ভাগই রুচিহীন ও বিরক্তিকর।

পছন্দ মতো গানকে রিংটোন বানাতে দরকার একটি মিডি কনভার্টার সফটওয়্যার ও ডেটা কেবল। ইন্টারনেট থেকে ডাউনলোড করে এ ধরনের অনেক ফ্রি সফটওয়্যার পাওয়া যাবে।

শুধু রিংটোনই নয়, যে কোনো ওয়াল পেপার, ছবি, মুভি ফাইল কিংবা এমপি-থ্রি ফাইল ডেটা কেবলের সাহায্যে কম্পিউটার থেকে মোবাইলে ট্রান্সফার করা যাবে। এমনকি আপনার মোবাইলের গুরুত্বপূর্ণ নম্বর অথবা এসএমএসগুলো ডেটা কেবল দিয়ে পিসিতে সংরক্ষণ করে রাখতে পারবেন। মোবাইল ফোনের মেমোরি ডিভাইসের ক্ষমতা সীমিত। তাই ভাল রেজুলেশনে কয়েকটি ছবি তোলার পরেই আর মেম হ্রয়ে যায় মেমোরি। তখন পুরনো ছবি মুছে ফেলতে হয়। ডেটা কেবল দিয়ে সহজেই মোবাইল ক্যামেরার ডিজিটাল ছবি এবং মুভি কম্পিউটারে ব্যাকআপ রাখতে পারেন।

বাজারে দুই ধরনের ডেটা কেবল পাওয়া যায়। ১. সিরিয়াল পোর্ট ও ২.

ইউএসবি পোর্ট ডেটা কেবল। আপনার সেটে প্রদত্ত অপশন অনুসারে ডেটা কেবল কিনতে হবে। এছাড়া অনেক ডেটা কেবলের সঙ্গে সিডি দেওয়া হয় না। সে ক্ষেত্রে আলাদাভাবে সিডি কিনে কম্পিউটারে ইনস্টল করে তারপর ডেটা কেবল মোবাইলের সঙ্গে সংযুক্ত করতে হবে।

এবার দিচ্ছি বিভিন্ন মডেলের ডেটা কেবলের দরদাম।

নোকিয়া : নোকিয়ার ৩৩০০ এবং এ ধরনের সেটে ব্যবহার উপযোগী 'ডিকেইউ-২' ইউএসবি ডেটা

কেবলের দাম পড়বে (সিডিসহ) ৪০০ টাকা, নোকিয়া ৩১২০, ৬২১০ প্রভৃতি সেটের উপযোগী ডিকেইউও ইউএসবি ডেটা কেবলের দাম ৪০০-৪৫০ টাকা। ৬২৬০ মডেল উপযোগী এন '৬২৬০' ইউএসবি ডেটা কেবলের দাম ৬০০ টাকা, নোকিয়া ৭৭১০ মডেল উপযোগী 'এন ৭৭১০' ইউএসবি ডেটা কেবলের দাম ৪০০ টাকা (সিডিসহ)।

সিমেন্স : সিমেন্স এক্স-৭৫, এ ৭০ ও এ ৭৫ উপযোগী ইউএসবি ডেটা কেবলের দাম ৪০০ টাকা (সিডি ছাড়া)। অন্যান্য মডেলের ডেটা কেবল পাওয়া যাবে ৪০০-৫০০ টাকার মধ্যে।

সামস্যাং : সামস্যাং 'এক্স-১৬ মডেলের ডেটা কেবল 'ডিএসইউ ১৬'-এর দাম-৫০০ টাকা (সিডি সহ)। স্যামস্যাং-এর অন্যান্য মডেলের ডেটা কেবল (ডিএসইউ ৭, ৯, ১৩, ১৪, ১৫, ১৭, ১৯) পাওয়া যাবে ৪০০-৫০০ টাকার মধ্যে।

এলজি : এলজির বিভিন্ন মডেলের ডেটা কেবল পাওয়া যাবে ৫০০-৬০০ টাকায়।

মটোরোলা : মটোরোলার বিভিন্ন মডেলের ডেটা কেবল পাওয়া যাবে ৪০০-৪৫০ টাকায়।

সনি এরিকসন : সনি এরিকসনের বেশ কিছু সেটেই ডেটা কেবল পোর্ট আছে। এসব সেটের মডেল অনুসারে ডেটা কেবলের দাম পড়বে ৪০০-৫০০ টাকার মধ্যে।



